# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৫০

৩১/ হৃদয়-গলানো উপদেশ

পরিচ্ছেদঃ কিয়ামতের কতিপয় লক্ষণ

আরবী

وَعَنْ أَبِى هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ ﷺ قَال بَيْنَ النَّفْخَتَيْنِ أَرْبَعُونَ قَالُوا : يَا أَبَا هُرَيرَةَ أَرْبَعُونَ يَوْماً ؟ قال : أَبيْتُ قَالُوا : أَرْبَعُونَ سَنَةً ؟ قَالَ : أَبيْتُ قَالُوا : أَرْبَعُونَ شَهْراً ؟ قَالَ : أَبَيْتُ وَيَبْلَى كُلُّ شَيْءٍ مِنَ الإِنْسَانِ إِلاَّ عَجْبَ الذَّنَبِ، فِيهِ يُرَكَّبُ الخَلْقُ ثُمَّ يُنَزِّلُ اللهُ مِنَ السَّمَاءِ مَاءً فَيَنْبُتُونَ كَمَا يَنْبُتُ البَقْلُ متفق عليه

বাংলা

(৩৮৫০) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, (কিয়ামতের পূর্বে) শিঙ্গায় দু’বার ফুৎকার দেওয়ার মধ্যবর্তী ব্যবধান হবে চল্লিশ। লোকেরা জিজ্ঞাসা করল, ’হে আবূ হুরাইরা! চল্লিশ দিন?’ তিনি বললেন, ’উঁহুঁ।’ তারা প্রশ্ন করল, ’তবে কি চল্লিশ বছর?’ তিনি বললেন, ’উঁহুঁ।’ তারা পুনরায় জিজ্ঞাসা করল, ’তাহলে কি চল্লিশ মাস?’ তিনি বললেন, ’উঁহুঁ।’ মেরুদণ্ডের নিম্নভাগের অস্থি ব্যতীত মানবদেহের সমস্ত হাড় পচে যাবে। তারপর উক্ত অস্থি থেকে মানুষকে পুনর্গঠিত করা হবে। অতঃপর আল্লাহ তাআলা আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করবেন, যার ফলে শাক-সবজি গজিয়ে উঠার মত মানুষ গজিয়ে উঠবে।

ফুটনোট

(বুখারী ৪৮১৪, ৪৯৩৫, মুসলিম ৭৬০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী । বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67598

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন